আগামী বছর যদি আমি বেঁচে থাকি, তাহলে মুহাররম মাসের নবম তারিখে অবশ্যই রোযা রাখব।

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আগামী বছর যদি আমি বেঁচে থাকি, তাহলে মুহাররম মাসের নবম তারিখে অবশ্যই রোযা রাখব।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আগামী বছর যদি আমি বেঁচে থাকি, অর্থাৎ পরবতী মুহাররম, তাহলে ইয়াহুদীদের বিরোধিতা করার জন্য দশ তারিখের সাথে মুহাররম মাসের নবম তারিখে অবশ্যই সিয়াম রাখব।’’ কিন্তু পরের বছর মুহাররম আসার পূর্বেই তিনি মারা যান। সুতরাং সুন্নাত হলো, নয় তারিখে সাওম পালন করা যদিও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা পালন করেননি। কারণ, তিনি যার ওপর প্রত্যয় করেছিলেন, তা অবশ্যই সুন্নত। দশ তারিখের সাথে নয় তারিখে সাওম পালন করার কারণ হলো, শুধু দশ তারিখে ইয়াহুদিদের সাওম পালনে ইয়াহুদীদের সাথে সাদৃশ্য অবলম্বন না করা। আবার কেউ বলেছেন, আশুরা লাভ করার জন্য সতর্কতা অবলম্বন করা। প্রথম মতামতটি উত্তম। এ বিষয়ে নস বর্ণিত আছে। আল্লাহই ভালো জানেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6217